

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৩৬

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৮. হিবা বা দান, উমরী বা আজীবন দান ও রুকবা দানের বিবরণ - হাদিয়া (উপহার) দেয়া মুস্তাহাব এবং এর প্রভাব

আরবী

وَعَنْ أَنَسٍ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم: «تَهَادَوْا, فَإِنَّ الْهَدِيَّةَ تَسُلُّ السَّخِيمَةَ». رَوَاهُ الْبَزَّارُ بِإِسْنَادٍ ضَعِيفٍ

رواه البزار (1937)، وهو وإن كان ضعيف المسند فهو أحد شواهد الحديث السابق

বাংলা

৯৩৬। আনাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-আপোষে উপটোকন দিতে থাকো, কেননা উপটোকন দ্বারা মনের হিংসা-বিদ্বেষজনিত গ্লানি দূর হয়ে যায়। -বাযযার দুর্বল সানাদে।[1]

ফুটনোট

[1] ইমাম সানআনী সুবুলুস সালাম ৩/১৪৫ গ্রন্থে বলেন, এর বর্ণনায় দুর্বলতা রয়েছে। এর যতগুলো সানাদ আছে এর কোনটিই বিতর্কমুক্ত নয়। ইমাম হাইসামী মাজমাউয যাওয়ায়েদ ৪/১৪৯ গ্রন্থে বলেন, এর সানাদে আয়িয় বিন শুরাইহ নামক দুর্বল বর্ণনাকারী রয়েছে। শাইখ আলবানী ইরওয়াউল গালীল ৬/৪৫ গ্রন্থে বলেন, এর সানাদে বকর বিন বাক্কার দুর্বল বর্ণনাকারী। তিনি যঈফুল জামে ২৪৯২ গ্রন্থেও একে দুর্বল বলেছেন। বাযযার ১৯৩৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন